THE

# NEW TESTAMENT

OF OUR

LORD AND SAVIOUR

# JESUS CHRIST,

IN THE

BENGA'LI' LANGUAGE.

TRANSLATED FROM THE ORIGINAL GREEK

BY THE CALCUTTA BAPTIST MISSIONARIES

WITH NATIVE ASSISTANTS.

6503

**Calcutta:**

RE-PRINTED (WITH ALTERATIONS) AT THE ENCYCLOPÆDIA PRESS FOR THE CALCUTTA BIBLE SOCIETY.

1853.

# ধর্ম্মপুস্তকের অন্তভাগ।

YALE MISSIONARY LIBRARY DIVINITY SCHOOL.

অর্থাৎ

ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্টের

# নূতন ধর্ম্মনিয়ম

সম্বন্ধীয় গ্রন্থসমূহ।

ইংলণ্ডীয় ও বঙ্গদেশীয় পণ্ডিতকর্ত্তৃক গ্রীক ভাষাহইতে ভাষান্তরীকৃত;

এবং

কলিকাতাস্থ ধর্ম্মপুস্তকসমাজের আজ্ঞাক্রমে মুদ্রাঙ্কিত হইল।

কলিকাতা।

বাং সন ১২৫৯। ইং সন ১৮৫৩।

Zben
853

# মথিলিখিত সুসমাচার।

YALE MISSIONARY LIBRARY, DIVINITY SCHOOL.

## ১ অধ্যায়।

১ ইব্রাহীমের সন্তান দায়ূদ্, তাহার সন্তান য়ীশু খ্রীষ্টের
২ পূর্ব্ববংশাবলি। ইব্রাহীমের পুত্র ইস্হাক্; ও ইস্হাকের
পুত্র যাকূব্; ও যাকূবের পুত্র যিহূদা এবং তাহার ভ্রাতৃ
৩ গণ। তামরের গর্ব্ভে ঐ যিহূদার ঔরসে পেরস্ ও সেরহ
জন্মে; সেই পেরসের পুত্র হিষ্রোণ; ও হিষ্রোণের পুত্র
৪ অরাম্। ও অরামের পুত্র অম্মীনাদব; ও অম্মীনাদবের
৫ পুত্র নহশোন্; ও নহশোনের পুত্র সল্মোন্। রাহবের
গর্ব্ভে সেই সল্মোনের ঔরসে বোয়সের জন্ম হয়। ও
রূতের গর্ব্ভে বোয়সের ঔরসে ওবেদের জন্ম হয়; ও ওবেদের
৬ পুত্র যিশয়। ঐ যিশয়ের পুত্র দায়ূদ্ রাজা; দায়ূদ্ রাজার
৭ ঔরসে মৃত ঊরিয়ের স্ত্রীতে সুলেমানের জন্ম হয়। এবং
সুলেমানের পুত্র রিহবিয়াম্; ও রিহবিয়ামের পুত্র অবিয়;
৮ ও অবিয়ের পুত্র আসা। এবং আসার পুত্র যিহোশাফট্;
ও যিহোশাফটের পুত্র যিহোরাম্; সেই যিহোরামের
৯ সন্তান উষিয়। এবং উষিয়ের পুত্র যোথম্; ও যোথমের
১০ পুত্র আহস্; ও আহসের পুত্র হিষ্কিয়। এবং হিষ্কিয়ের পুত্র
মিনশি; ও মিনশির পুত্র আমোন্; ও আমোনের পুত্র
১১ যোশিয়। বাবিলে নীত হওনের কিঞ্চিৎ পূর্ব্বে ঐ যোশিয়ের
১২ সন্তান যিহোয়াখীন্ ও তাহার ভ্রাতৃগণ জন্মে। এবং বাবিলে
নীত হওনের পরে যিহোয়াখীনের পুত্র শল্টীয়েল জন্মে;